

2014

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

- (ক) আফগানিস্থানের শেষ হিন্দু রাজবংশের নাম কী ?
- (খ) পেশাওয়ার স্টেশনে সৈয়দ মুজতবা আলীকে নিতে কে এসেছিলেন ?
- (গ) গ্রিক নারসিসাস্ ফুলকে ফারসিতে কী বলা হয় ?
- (ঘ) আমির খসরু কোন্ সম্রাটের সভাকবি ছিলেন ?
- (ঙ) কোন্ মুঘল সম্রাট কাবুলের বাজার দেখে মুগ্ধ হয়েছিলেন ?
- (চ) খাইবার পাস অতিক্রমকারী বাসের পাঞ্জাবি ড্রাইভারের নাম কী ছিল ?
- (ছ) দেশনাম 'ভারত' শব্দটি সংজ্ঞাবাচক বিশেষ্য ; এর সংজ্ঞাবাচক বিশেষণ রূপটি নির্দেশ করো।

(জ) পদ পরিবর্তন করো (যে কোনো একটি) :
বিনয় ; ইতিহাস ।

(ঝ) বানান সংশোধন করো (যে কোনো একটি) :
বাণ্মিকি ; নুপুর ।

(ঞ) শুদ্ধ রূপটি নির্ণয় করো :
শিরচ্ছেদ ; শিরোচ্ছেদ ; শিরশ্ছেদ ; শিরোশ্ছেদ ।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) সৈয়দ মুজতবা আলী কাবুলের কোথায় বাসা পেয়েছিলেন? তাঁর ভৃত্যের নাম কী ছিল?

(খ) 'মুইন-উস-সুলতানে'-র অর্থ কী? 'দেশে বিদেশে' গ্রন্থে কাকে 'মুইন-উস-সুলতানে' বলা হয়েছে?

(গ) একই '√সেব' যোগে গঠিত 'সেবা' এবং 'পরিষেবা' শব্দের বানানের ক্ষেত্রে পার্থক্য লক্ষ করা যায় কেন? কারণ উল্লেখ করো।

(ঘ) বানান যুগলের মধ্যে শুদ্ধ বানানটি নির্ণয় করো :
পরিষ্কার—পরিষ্কার ; তিরষ্কার—তিরষ্কার ।

(ঙ) বিশেষণ থেকে বিশেষ্য-এ পদ পরিবর্তনের দুটি উদাহরণ উল্লেখ করো।

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$

(ক) আফগানিস্তানের গ্রীষ্মকালীন কৃষি পদ্ধতি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

(খ) কাবুলের বিয়ের আসরে সৈয়দ মুজতবা আলীর ফারসি গজল শোনার অভিজ্ঞতা ব্যক্ত করো।

(গ) “টান্কা তো চলেছে পাঠানি কায়দায়”—এই ‘পাঠানি কায়দা’র পরিচয় দাও।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

(ক) নিম্নলিখিত যে কোনো দুটি শব্দের দুটি ভিন্ন ভিন্ন অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো : $২ \frac{২}{৩} \times ২ = ৫$
মূল ; ফল ; গ্রহণ ; কাণ্ড।

(খ) যে কোনো দুটি বাগ্মিধির অর্থ নির্দেশ করে বাক্য রচনা করো : $২ \frac{২}{৩} \times ২ = ৫$
ডুমুরের ফুল ; কলুর বলদ ; কাঁচা লেখা ;
কান কাটা।

(গ) বাক্যগত অশুদ্ধি সংশোধন করো : ৫

(১) শক্রয় রাজা দশরথের কনিষ্ঠতম পুত্র।

(২) এ কাজ করা আমার পক্ষে সম্ভব নয়।

(৩) তীব্র পিপাসায় সে আকর্ষণ পর্যন্ত জলপান করল।

(৪) রবীন্দ্রনাথ এক সম্ভ্রান্তশালী বংশে জন্মগ্রহণ করেছিলেন।

(৫) পরীক্ষার সাফল্যের জন্য সে অহর্নিশি পরিশ্রম করছে।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) সৈয়দ মুজতবা আলীর কাবুল যাত্রার তিজ্ঞ-মধুর অভিজ্ঞতার বর্ণনা দাও।
- (খ) সৈয়দ মুজতবা আলীর গদ্যশৈলী সম্পর্কে আলোচনা করো।
- (গ) আমির হাবিব উল্লাহর পর আমান উল্লা কীভাবে আফগানিস্থানের রাজসিংহাসন অধিকার করেছিলেন তা আলোচনা করো।
- (ঘ) অধ্যাপক খুদা বখশের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করে তাঁর ভ্রাতৃপ্রেমের পরিচয় দাও।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'বাস্বিধি' কাকে বলে? 'বাস্বিধি'র অন্তর্গত 'ত্রিমাপদের বিশিষ্ট ব্যবহার' এবং 'বিশেষ্যপদের বিশিষ্ট ব্যবহার' শ্রেণীবিভাগ দুটির দুটি করে উদাহরণ দাও এবং উদাহরণ অবলম্বনে বাক্য রচনা করো।

$$২+(২\times২)+(১\times৪)=১০$$

- (খ) 'প্রায় সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ' বলতে কী বোঝায়? এই শ্রেণীর দুটি যুগলের উদাহরণ দাও এবং উদাহরণ চারটির অর্থ উল্লেখ করে বাক্য রচনা করো।

$$২+(২\times২)+(১\times৪)=১০$$

৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো :

১০

- (ক) অসমের বন্যা সমস্যা এবং অর্থনীতিতে তার প্রভাব
- (খ) পরিবেশ সংরক্ষণে ছাত্র সমাজের দায়িত্ব ও কর্তব্য
- (গ) বৃত্তিমূলক কারিগরি শিক্ষার প্রয়োজনীয়তা
- (ঘ) কোনো উৎসবে অংশগ্রহণের তোমার নিজস্ব অভিজ্ঞতার বর্ণনা

★ ★ ★